# প্রধানমন্ত্রীকে সৌদি সফরের আমন্ত্রণ জানালেন যুবরাজ



ছবি: সংগৃহীত

সৌদি আরব সফরের জন্য প্রধানমন্ত্রী তারেক রহমানকে আমন্ত্রণ জানিয়েছেন দেশটির ক্রাউন প্রিন্স ও প্রধানমন্ত্রী মোহাম্মদ বিন সালমান বিন আবদুল আজিজ আল সৌদ।

সোমবার (১৭ আগস্ট) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সৌদি যুবরাজের পাঠানো আমন্ত্রণপত্রটি হস্তান্তর করা হয়।

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে আমন্ত্রণপত্র তুলে দেন বাংলাদেশে নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত ড. আবদুল্লাহ জাফের এইচ. বিন আবিয়াহ। সাক্ষাতের সময় তিনি সৌদি সরকারের পক্ষ থেকে প্রধানমন্ত্রীকে দেশটি সফরের আমন্ত্রণের বিষয়টি জানান।

LENS ASIA